ডেঙ্গি আক্রান্ত হয়ে হাসপাতালে ১ হাজার ২০ রোগী

গত এক দিনে দেশে এক হাজার ২০ জন ডেঙ্গি রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এ নিয়ে বর্তমানে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হওয়া ডেঙ্গি রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে তিন হাজার ৬৩০ জনে।

এ সময়ে সারাদেশে ডেঙ্গি আক্রান্ত হয়ে আরও ২ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গিতে ১৩৬ জন মারা গেছেন।

রোববার সারাদেশের পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের নিয়মিত ডেঙ্গিবিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ডেঙ্গি আক্রান্ত হয়ে হাসপাতালে নতুন ভর্তি হওয়াদের মধ্যে ৬১৮ জন ঢাকার বাসিন্দা। ঢাকার বাইরে হাসপাতালে ভর্তি হয়েছেন ৪০২ জন। বর্তমানে ঢাকার বিভিন্ন হাসপাতালে ভর্তি আছেন ২ হাজার ৩৫০ জন। আর ঢাকার বাইরের হাসপাতালগুলোতে ভর্তি আছেন এক হাজার ২৮০ জন।

গাংনীতে গরুর শিঙের গুতোয় ১ জন আহত

গরুর শিঙ এর গুতোয় কামরুল ইসলাম (৩৫) নামের এক কৃষক মারাক্তক আহত হয়েছেন। আহত কামরুল ইসলাম গাংনী পৌর শহরের চৌড়াছা গ্রামের আব্দুল খালেকের ছেলে।

আজ রবিবার (৩০ অক্টোবর) বিকালে গোয়াল ঘরে গরুকে বাঁধতে গিয়ে একটি গরু তাকে শিঙ দিয়ে গুতো মারে। এতে তার দু পায়ের মাঝখানে উরুতে আঘাত লাগে। আহত কামরুলকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন পরিবারের লোকজন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক উপসহকারি মেডিকেল অফিসার (স্যাকমো) সোহাগ আহম্মেদ বলেন তার উরুতে ক্ষত হয়েছে। কামরুলকে হাসপাতালে ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে।

দৌলতপুরে পাখিভ্যানের চাপায় শিশু নিহত

কুষ্টিয়ার দৌলতপুরে পাখিভ্যানের চাপায় দিশা আক্তার (৬) নামে এক শিশু নিহত হয়েছে। রোববার দুপুরের দিকে উপজেলার মরিচা ইউনিয়নের মাজদিয়াড় কারিতলা এলাকায় এ দূর্ঘটনা ঘটে।

নিহত শিশু একই ইউনিয়নের বৈরাগীরচর পূর্বপাড়া গ্রামের রিয়াজ উদ্দিনের মেয়ে এবং মাজদিয়াড় (কারিতলা) সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণীর শিক্ষার্থী।

প্রত্যক্ষদর্শী ও নিহতের স্বজনরা জানান, দিশা খাতুন স্কুল ছুটি শেষে নিজ বাড়ী ফেরার পথে স্কুলের সামনে রাস্তা পার হওয়ার সময় দ্রুতগামী পণ্য বোঝাই একটি পাখিভ্যান তাকে চাপা দেয়। এতে শিশু দিশা গুরুতর আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক দিশাকে মৃত ঘোষণা করেন।

পরে নিহত শিশুর মরদেহ উদ্ধার করে থানায় নেয় দৌলতপুর থানা পুলিশ। তবে নিহত শিশুর পরিবারের কোন অভিযোগ না থাকায় তার মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে বলে জানিয়েছেন দৌলতপুর থানার ওসি মজিবুর রহমান।

কুষ্টিয়া সিটি কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান

বেঁচে থাকার জন্য শক্তি নয়, মেধার চর্চা করতে হবে বলে জানিয়েছেন ইসলামি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রফেসর ড. মোহাম্মদ জহুরুল ইসলাম।

কুষ্টিয়ার এই সিটি কলেজ এতো সুন্দরভাবে প্রতিষ্ঠিত করেছে তা কেবল এই প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের সমন্বয়ে সম্ভব হয়েছে। মেধার চর্চা করেই এই সিটি কলেজের শিক্ষার্থীদের মানবিক হয়ে উঠতে হবে।

রবিবার সকালে কুষ্টিয়া সিটি কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে তিনি সব কথা বলেন।

তিনি আরও বলেন, মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ জীব। আর এ শ্রেষ্ঠত্বের কারণ হচ্ছে তার মনুষ্যত্ব, বিবেক ও বুদ্ধিবৃত্তি। তবে পৃথিবীতে মানুষই একমাত্র জীব, যাদের ক্রমাগত অনুশীলন ও চর্চার মাধ্যমে প্রকৃত মনুষ্যত্ব অর্জন করতে হয়। শিক্ষা মানুষকে এ কাজে সহায়তা করে।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ আন্তাজ উদ্দিনের সভাপতিত্বে ও সহকারী অধ্যাপক আসাদুল হকের সঞ্চালনায় বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি আলহাজ্ব মোঃ মতিয়ার রহমান মজনু, কলেজের ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক ওবায়দুর রহমান, কলেজের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক হাসাবুল ইসলাম, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মোহিত কুমার বিশ্বাস, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রমোশন অফিসার ইমাম মেহেদী, রোটারীয়ান এ্যাড. মোসাদ্দেক আলী মনি প্রমুখ।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন প্রথম বর্ষের শিক্ষার্থী সামিউর রহমান এবং দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী রাজীব হোসাইন, মুসাব্বির আহমেদ। অনুষ্ঠানের শুরুতেই কোরআন থেকে তেলাওয়াত করেন আবদুস সামাদ।

এসময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তারা বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে শিক্ষার্থীদের ব্যাপক ভূমিকা পালন করতে হবে। মাদক

থেকে দূরে থাকতে হবে, মেধা মননশীলতায় কম্পিউটার প্রশিক্ষণ নিয়ে নিজেকে দক্ষ হয়ে মানবিক মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে।

তাই শিক্ষা অর্জনের পাশাপাশি মানবিক মানুষ হিসেবে নিজেদের জীবন গড়ে তুলতে তারা শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। এছাড়া আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার বিভিন্ন বিষয়ের উপর বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপদেশ মুলক বিভিন্ন বক্তব্য প্রদান করেন অতিথিবৃন্দ।

পরে কলেজের দুই শিক্ষার্থী রুশনা খাতুন ও যুথী খাতুনের সড়ক দূর্ঘটনায় অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে দোয়া মোনাজাত পরিচালনা করা হয়।

আলমডাঙ্গায় ৩শ ৯২ পিস এ্যাম্পুল বুপেনরফাইন ইনজেকশনসহ আটক-২

আলমডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর অভিযান চালিয়ে ৩শত ৯২ পিস এ্যাম্পুল বুপেনরফাইন ইনজেকশনসহ ২ জনকে আটক করেছে। রবিবার (৩০ অক্টোবর) দিবাগত রাতে তাদের নিজ বাড়িতে অভিযান চালিয়ে এ মাদকদ্রব্য গুলো উদ্ধার করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর জানান, আলমডাঙ্গা পৌর এলাকার গোবিন্দপুর মন্ডলপাড়ার মৃত আক্কাস আলীর ছেলে মুরাদ আলী (৩৬), সাহাবুল হকের ছেলে জিবন (২০)।

তারা পৌর এলাকার গোবিন্দপুর মন্ডলপাড়ার বাসিন্দা। দীর্ঘদিন গোপনে মাদকদ্রব্য এ্যাম্পুল বুপেনরফাইন ইনজেকশন বিক্রি করে আসছে। এমন সংবাদের ভিত্তিতে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর অভিযান পরিচালনা করেন।

এসময় মুরাদ আলীর বাড়ি থেকে ৩ শত ৯২ পিস এ্যাম্পুল বুপেনরফাইন ইনজেকশন উদ্ধার করে। মাদক বিক্রির সহযোগিতায় সহযোগী জিবনকে আটক করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর। এ ঘটনায় আলমডাঙ্গা থানায়

তৌহিদ মুর্শেদ অতুল সভাপতি ও শাহিনুল ইসলাম সাধারণ সম্পাদক নির্বাচিত

মেহেরপুরের গাংনীতে কৃষকদের মাঝে সরকারি মুল্যে ও হয়রানী ছাড়াই সার বিক্রির লক্ষে সরকার অনুমোদিত খুচরা সার ব্যবসায়ীদের উপজেলা কমিটি গঠন করা হয়েছে।

উপজেলার বিভিন্ন খুচরা সার ব্যবসায়ীদের নিয়ে সাহাবাটি বাজারে অনুষ্ঠিত এক আলোচনা সভা শেষে সরকারি নিয়মে সার বিক্রির পাশাপাশি এবং কৃষকদের স্বার্থরক্ষায় ১১ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।

কমিটিতে মেহেরপুর জেলা পরিষদের সাবেক সদস্য ও সাহারবাটি চারচারা বাজারের খুচরা সার ব্যবসায়ী তৌহিদ মুর্শেদ অতুলকে সভাপতি ও শাহিনুল ইসলাম শাহিনকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়।

কমিটি গঠন শেষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা খুচরা সার ব্যবসায়ী কমিটির নব নির্বাচিত সভাপতি ত্যেহিদ মুর্শেদ অতুল। বক্তব্য রাখেন কমিটির সাধারণ সম্পাদক শাহিনুল ইসলাম শাহিন,সহ সভাপতি খাজা মইনুদ্দিন লিটন।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মমতাজ উদ্দিন,জহিরুল ইসলাম কাল। কমিটিতে সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হয়েছেন নাজমুল সালেহীন ও অর্থসম্পাদক হয়েছেন ইসলামুল হক। উপজেলায় প্রায় ৯০জন সরকার অনুমোদিত খুচরা সার বিক্রেতা রয়েছেন। সকলের সম্মতিতে ১১ সদস্য বিশিষ্ট কমিটি প্রকাশ করা হয়।

[redacted]

[redacted]

দামুড়হুদায় এনজিও ম্যানেজার সোহাগ কে জুতাপেটা করলেন স্থানীয় জনতা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় অবস্থিত সুনামধন্য এনজিও প্রতিষ্ঠান সাজেদা ফাউন্ডেশন কার্পাসডাঙ্গা শাখার ম্যানেজার সোহাগ নারী কেলেংকারীতে কার্পাসডাঙ্গাতে শনিবার রাত ১১টার দিকে জনতার হাতে আটক হয়। এসময় স্থানীয়রা তাকে আটক করে জুতাপেটা করে খুটির সাথে বেঁধে রাখে ও কঠোর শাস্তির দাবী তোলে।

জানা গেছে কার্পাসডাঙ্গা অনার্স পড়ুয়া একটা মেয়ের সাথে প্রেমের সম্পর্ক গড়ে তোলে সোহাগ। মেয়ের মান সম্মানের কথা চিন্তা করে নাম পরিচয় গোপন করা হলো। এসময় মেয়ের পরিবারের লোকজন বিষয়টি জানতে পেরে সোহাগকে বারন করলেও সে কোন বাধা নিষেধ শুনতে চাইনি। বরং তার সাথে সম্পর্ক না রাখলে উল্টা করে মেয়েকেই ক্ষতি করার হুমকি দেয় সে। গতকাল গভীর রাতে মেয়েটির বাড়ি আসলে তাকে স্থানীয়রা আটক করে জুতাপেটা করে ও খুটিতে বেঁধে রাখে।

নাম না প্রকাশ করার শর্তে স্থানীয় অনেকে জানান দীর্ঘদিন ধরে কার্পাসডাঙ্গাতে সোহাগের বিরুদ্ধে বিভিন্ন মেয়ের সাথে তার সম্পর্কের বিষয়টি আলোচনায়। বহু মেয়ের জীবন সে নষ্ট করেছে। স্থানীয়রা তার কঠোর শাস্তি দাবী করেছে।এদিকে ঘর মালিক সেরজান তাকে জিম্মায় নিয়ে যায়।সেরজান জানান সে পালাবে না।সে আমার হেফাজতে থাকবে।এ বিষয়ে সোহাগের সাথে জানতে কথা বলার চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

সোহাগের কঠোর শাস্তি দাবি করেছে এলাকাবাসী সহ সচেতন মহল। সোহাগের বিরুদ্ধে থানায় মামলার প্রস্তুতি নিচ্ছে মেয়ের পরিবার। সোহাগের কঠোর শাস্তির ব্যাবস্থা করতে ও নারীবাজ এ ম্যানেজারকে এখান থেকে সরিয়ে নিতে সাজেদা ফাউন্ডেশনের উদ্ধতন কর্মকর্তাদের আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।

কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই আতিকুর রহমান জুয়েল জানান সোহাগ আমার ক্যাম্পে এসেছিলো। তার একটা হাত জখম হয়েছে।সে হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি হয়েছে তাকে মামলার পরামর্শ দেওয়া হয়েছে সে মামলা করলে যারা তাকে মেরেছে তাদের বিরুদ্ধে

মুজিবনগরে জাতীয় স্যানিটেশন মাস ও হাত ধোয়া দিবস উপলক্ষে আলোচনা সভা

” বর্জ্যের পরিশোধন, নিশ্চিত হবে স্যানিটেশন” “হাতের পরিচ্ছন্নতায় এসো সবে এক সাথে” এই এই প্রতিপাদ্যকে সামনে রেখে।

আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে ওয়েভ ফাউন্ডেশন এর উদ্যোগে মুজিবনগর উপজেলার পুরন্দপুর গ্রামে সৌরভ-১ মহিলা সমিতির আয়োজনে, জাতীয় স্যানিটেশন মাস এবং হাত ধোয়া দিবস ২০২২ পালন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা উনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে ওয়েভ ফাউন্ডেশন এর ইউনিটি ম্যানেজার আলাউদ্দিন এর সভাপতিত্বে ও সঞ্চালনায়, মুজিবনগর উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী জাহাঙ্গীর আলম প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে, বর্জ্য ব্যবস্থাপনা ও হাত ধোয়ার গুরুত্ব তুলে ধরে আলোচনা করেন । তিনি বলেন, উপযুক্ত ব্যবস্থা করতে পারলে অন্যান্য সম্পদের মত বর্জ্য সম্পদে রূপান্তর করা সম্ভব । বিশ্বের বিভিন্ন দেশে বর্জ্য সমস্যা নয়, বরং বর্জ্যকে সম্পদ হিসেবে বিভিন্ন কাজে লাগাচ্ছে। তিনি আরও বলেন, বেশীরভাগ অসুখ থেকে সুরক্ষা পেতে প্রযোজ্য সময়ে যথাযথভাবে দুই হাত ধোয়া অপরিহার্য।

আলোচনাশেষে উপস্থিত নারী অংশগ্রহণকারীরা নিজেদের ঘরবাড়ির পরিষ্কার পরিচ্ছন্নতায় আরো গুরুত্ব দেবেন। পাশাপাশি বর্জ্যগুলোকে লাভজনক সম্পদে পরিণত করবেন বলে জানিয়েছেন ।

অনুষ্ঠানশেষে পুরন্দরপুর গ্রামের সাধারণ নারী, পুরুষ ও শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি শোভাযাত্রা কর হয় । শোভাযাত্রায় ” বর্জ্যের পরিশোধন, নিশ্চিত হবে স্যানিটেশন” এবং “হাতের পরিচ্ছন্নতায় এসো সবে এক হই” শ্লোগান প্রদান করে।

অনুষ্ঠানে ওয়েভ ফাউন্ডেশন এর এ্যাকসেস প্রকল্পের ফিল্ড মনিটরিং অফিসার নাহিদ ফাতেমা তামান্নার সহায়তায় যথাযথভাবে হাতধোয়া প্রদর্শন করা হয় ।

উক্ত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান, ওয়েভ ফাউন্ডেশন এর এ্যাকসেস প্রকল্পের ফিল্ড মনিটর নাহিদ ফাতেমা, সিডিও বিপ্লব সহ সৌরভ-১ মহিলা সমিতির সদস্যাবৃন্দ এবং এলাকার নারী পুরুষ ও স্কুলের শিক্ষার্থীবৃন্দ।

মেহেরপুরে ৬ মাসের সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

মেহেরপুর সদর উপজেলার বারাদী পুলিশ ক্যাম্প অভিযান চালিয়ে ৬ মাসের সাজাপ্রাপ্ত আসামি হারুন মন্ডলকে গ্রেফতার করেছে। হারুন মন্ডল মেহেরপুর সদর উপজেলার মোমিনপুর গ্রামের রাফাতুল্লাহর ছেলে।

বারাদী পুলিশ ক্যাম্পের টুআইসি এএসআই সিদ্দিকুর রহমান সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে হারুন মন্ডলকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত হারুন মন্ডলের বিরুদ্ধে ২৩/১৭ নং মামলায় আদালত ৬ মাসের সাজা দিয়েছেন। রায় হওয়ার পর তিনি পলাতক ছিলেন।

গ্রেফতারকৃত হারুন মন্ডলকে আজ রবিবার দুপুরের দিকে আদালতে প্রেরণ করা হয়েছে বলে জানান ওসি রফিকুল ইসলাম।